

Question Bank

ঐচ্ছিক পাঠ্যক্রম (Elective Course)

বাংলা (Bengali)

প্রথম পত্র (1st Paper)

Sahitya O Sanskritir Itihas : EBG-01

1. রমেশচন্দ্র মজুমদারের মতে প্রাচীন বঙ্গদেশ কী কী অংশে বিভক্ত ছিল?
2. প্রাচীন ভারতীয় আর্থভাষার বিস্তার কোন সময়?
3. 'আর্য' নামে অভিহিত করা হয় কাদের?
4. বাংলা ভাষার জন্ম হয়েছিল কোথা থেকে?
5. 'সদুক্তিকর্ণামৃত' কার প্রণীত এবং কতজন কবির শ্লোক সেখানে সংকলিত হয়েছিল?
6. 'প্রাকৃত পৈঙ্গল' কী বিষয়ক গ্রন্থ?
7. 'ছই ছই যাই সো ব্রাহ্মণ নাড়িয়া' পঙক্তিটি কোথায় আছে?
8. বাংলায় হুসেন শাহের রাজত্বকাল কোন সময়?
9. শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে সর্বমোট ক'টি খণ্ড রয়েছে?
10. প্রিয় মিলনে তুষ্ট রাধিকাকে নিদ্রামগ্ন অবস্থায় পরিত্যাগ করে কৃষ্ণ অন্যত্র গমন করার পর শ্রীরাধিকার নিদ্রাভঙ্গ হলে কৃষ্ণ-অদর্শনে তার যে বিলাপ সেটি শ্রীকৃষ্ণকীর্তনের কোন খণ্ডে বর্ণিত হয়েছে?
11. 'ইউসুফ-জোলেখা' কাব্যে জোলেখার পরিচয় কী?
12. শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি চৈতন্য-পূর্বযুগে রচিত এবং মহাপ্রভু শ্রীচৈতন্যদেব সেই পদ আশ্রয়িতা করেছিলেন। দীন চণ্ডীদাসের পদগুলি চৈতন্য উত্তর যুগের সৃষ্টি।--এই মতামত কার?
13. কি কহব রে সখি আনন্দ ওর / চিরদিন মাধব মন্দিরে মোর'--পদকর্তা কে?
14. বশিষ্ঠ-বিশ্বামিত্র বিরোধের অংশটি কৃত্তিবাসের রামায়ণে বর্ণিত হয় নি। এটি মূল রামায়ণে ছিল।--কথাটি কি ঠিক?
15. বিষ্ণুপুরী রামায়ণের রচয়িতা কে?
16. চন্দ্রবাণ পঞ্চস্তু শকসুনিশ্চয় / বিরাত হোইল সাঙ্গ কাশীদাস কয়" --এই চরণদুটি থেকে

যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি কী সিদ্ধান্ত করেছেন?

17. কোন মনসামঙ্গলের কবির রচনা থেকে জানা যায় কানা হরিদত্ত মনসামঙ্গলের আদি কবি ছিলেন?
18. ষোড়শ শতকে যে তিনজন কবি চণ্ডীমঙ্গল কাব্যকে মেয়েলি ব্রতকথার আঙিনা থেকে উদ্ধার করে বিশিষ্টতা প্রদান করেন তাঁরা কারা?
19. জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' কাব্যের কটি খণ্ড আছে?
20. আলাওল তাঁর কাব্যরচনা কোন বছর সমাপ্ত করেছিলেন?
21. "এমন মানবজমিন রইল পতিত / আবাদ করলে ফলত সোনা"-- পদটি কার রচনা ? কোন পদাবলীর পদ?
22. কোন গ্রন্থগুলি ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যাপকগণ লিখেছিলেন?
23. 'ভারতকুসুম' ও 'অশ্রুকণা' কাব্য দুটি কার লেখা?
24. টডের রাজস্থান কাহিনির ওপর ভিত্তি করে রচিত প্রথম পর্বের নাটকটির নাম কি?
25. 'সফল স্বপ্ন' কার লেখা?
26. রবীন্দ্রপ্রতিভার ঐশ্বর্যপর্বের দুখানি কাব্যগ্রন্থের নাম কী?
27. 'খাজাঞ্চির খাতা' কার লেখা?
28. "বাঙ্গলাদেশে যে মতের মুহম্মদীয় ধর্ম প্রচারিত হইয়াছিল, তাহা খাঁটি শরিয়তী অর্থাৎ অনুযায়ী ইসলাম নহে" --কথাটি কার?
29. শ্রীচৈতন্যদেবের জন্ম ও তিরোধান সাল কত?
30. "আমাদের বিশ্বাস মুসলমান কর্তৃক বঙ্গবিজয়ই বঙ্গভাষার এই সৌভাগ্যের কারণ হইয়া দাঁড়াইয়াছিল" -- এমন উক্তি কার?